মেহেরপুর প্রতিদিন গণমানুষের পত্রিকা হয়ে উঠেছে

দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জনপ্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার পঞ্চম বর্ষপূর্তি ও অর্ধযুগে পদার্পণ উপলক্ষে বর্ণাঢ্য শোভাযাত্রা, কেক কাটা ও শুভেচ্ছা বিনিময়সহ দিনব্যাপী নানা আয়োজন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (১৮ই মার্চ) সকাল ১০টায় মেহেরপুর পৌর শহরের কমিউনিটি সেন্টার থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্যে দিয়ে দিনের কর্মসূচি শুরু হয়। পরে শোভাযাত্রাটি বিভিন্ন সড়ক ঘুরে মেহেরপুর প্রতিদিন কার্যালায়ে এসে শেষ হয়।

এরপর মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে কেক কাটা ও কয়েক পর্বের শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠিত হয়। মেহেরপুর প্রতিদিন পত্রিকার ব্যবস্হাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা, আনিশা গ্রুপের চেয়ারম্যান, মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন এবং মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন।

বিভিন্ন পর্বের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম, জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন, অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন (বীর মুক্তিযোদ্ধা) আব্দুল মালেক, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল মান্নান, জেলা বিএনপির সহসভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সম্পাদক আব্দুর রহিম, গাংনী সরকারি মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম, ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আজিম, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম, মেহেরপুর সরকারি কলেজের অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু, ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমদ উজ্জ্বল, গাংনী সরকারি মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও গাংনী প্রেসক্লাবের সাবেক সভাপতি রমজান আলী, বিশিষ্ট সাংস্কৃতিকজন শামীম জাহাঙ্গীর সেন্টু, স্বেচ্ছাসেবকলীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন সহ প্রমুখ।

শুভেচ্ছা বক্তব্য প্রদানের সময় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক

ইয়াদুল মোমিন বলেন, শত সঙ্কটের মধ্যে দিয়ে প্রতিনিয়ত মেহেরপুর প্রতিদিন বের হচ্ছে। দৈনিক সকালে পাঠকদের হাতে তুলে দেওয়া একটা যুদ্ধ। এই যুদ্ধ অতীতের মতো ভবিষ্যতেও আমারা জয় করবো।

মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন বলেন, মেহেরপুরের মানুষের দীর্ঘদিনের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য মেহেরপুর প্রতিদিনের জন্ম। অনেক চড়াই উৎড়ায় পেরিয়ে মেহেরপুর প্রতিদিন আজকের অবস্থানে। মেহেরপুর প্রতিদিন এগিয়ে যাবে বহুদূরে সেই কামনা করি।

মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম বলেন, মেহেরপুরে পূর্ববর্তী সময়ে অনেক পত্রিকা বের হয়েছিল কিন্তু বেশিদিন স্থায়ীত্ব পায়নি। তবে এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা হাটিহাটি পাপা করে আজ ৬ বছরে পদার্পন করেছে। মেহেরপুর প্রতিদিনের উত্তরোত্তর সাফল্য কামনা করি।

সন্ধ্যায় শুভেচ্ছা জানাতে এসে জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেন, মেহেরপুর প্রতিদিন গণমানুষের কথা বলে, যার ফলে পাঠকপ্রিয়তা পেয়েছে। গণমানুষের কথা বলতে গিয়ে মেহেরপুর প্রতিদিন ডিজিটাল নিরাপত্তা আইনে মামলার শিকার হয়েছে। মেহেরপুরের মত পশ্চাৎপদ জেলা থেকে একটি দৈনিক নিয়মিত প্রকাশ করা অনেক কঠিন একটি কাজ। মেহেরপুর প্রতিদিনের প্রকাশক, সম্পাদকসহ ব্যবস্থাপনা বোর্ডের ঐকান্তিক প্রচেষ্টায় এটি সম্ভব হচ্ছে। পত্রিকাটি তার নীতিতে অবিচল থেকে গণমানুষের কাগজে পরিণত হবে এই প্রত্যাশা করি।

বিভিন্ন সময় শুভেচ্ছা বিনিময় করেন অথিথিরা। অবসরপ্রাপ্ত ক্যাপ্টেন (বীর মুক্তিযোদ্ধা) আব্দুল মালেক বলেন, মেহেরপুর প্রতিদিন পত্রিকা সবসময় গণমানুষের পক্ষে কথা বলবে এবং মুক্তিযুদ্ধের চেতনায় এগিয়ে যাবে সেই প্রত্যাশা করি।
মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান বলেন, মেহেরপুর প্রতিদিন সমাজের নানা অসংগতি তুলে ধরে সংবাদ প্রকাশ করে আসছে যার ফলে পাঠকের রাস্তার কাগজে পরিণত হয়েছে। তাদের এই ধারাবাহিকতা রক্ষা করে সমাজের নানা সমস্যা তুলে ধরবে এই

প্রত্যাশা করি।

গাংনী সরকারি মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ খোরশেদ আলম বলেন, একসময় আমাদের স্হানীয় সংবাদ গুলো প্রকাশ করার মতো কোন পত্রিকা ছিলোনা কিন্তু আজ মেহেরপুর প্রতিদিন রয়েছে এবং সবসময় বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশ করছে। এটা আমাদের জন্য গর্বেরও বটে।

ছহিউদ্দিন ডিগ্রি কলেজের অধ্যক্ষ একরামুল আজিম বলেন, আজকে মেহেরপুর প্রতিদিন আগামীর পথে নতুন নতুন সাফল্য অর্জন করবে সেটাই আমার কামনা।

মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি ও সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম বলেন, মেহেরপুর প্রতিদিন সংবাদপত্রে যেভাবে লেখা হচ্ছে তা মহাকালের কাছে লেখনীর মানদণ্ডে হয়তো ইতিহাস সৃষ্টি করবে।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু বলেন, শুধু মেহেরপুর জেলা নয় দক্ষিণ পশ্চিমাঞ্চলের ১০টি জেলায় মেহেরপুর প্রতিদিনের অসংখ্য দর্শক সৃষ্টি হয়েছে। মেহেরপুর প্রতিদিনের জন্ম হয়েছে গৌরবতম স্থানে তাই এটি সারাদেশে গৌরবের জায়গায় স্থান করে নেবে।

বিশিষ্ট সাংস্কৃতিকজন শামীম জাহাঙ্গীর সেন্টু বলেন, আজকের মেহেরপুর প্রতিদিন অর্ধযুগে পদার্পন করলো। যুগ যুগ ধরে মেহেরপুর প্রতিদিন পাঠকদের সঠিক সংবাদ উপহার দিবে এটাই আমার প্রত্যাশা।

গাংনী সরকারি মহিলা ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ও গাংনী প্রেসক্লাবের সাবেক সভাপতি রমজান আলী বলেন, আমি শিক্ষকতার পাশাপাশি সাংবাদিকতা করি। সেই ধারাবাহিকতায় আমি শেখার জন্য নিয়মিত মেহেরপুর প্রতিদিন পড়ি।

গণমাধ্যমকর্মীদের মধ্যে এনটিভির মেহেরপুর প্রতিনিধি রেজ আনাউল বাসার তাপস, মোহনা টিভি প্রতিনিধি ফারুক হোসেন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, গাংনী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব আলম, লাখোকণ্ঠ প্রতিনিধি রফিকুল ইসলাম, মোস্তাফিজুর রহমান শেরখান, আমাদের অর্থনীতির প্রতিনিধি মাসুদ রানা, সমাজের কথার প্রতিনিধি সোমেল রানা, মুহাম্মদ মহসীন, বাংলা টিভির প্রতিনিধি আক্তারুজ্জামান, আজকালের খবরের প্রতিনিধি

কামরুল ইসলাম, ডালিম সানোয়ার, ওবায়দুল্লাহ সাদিক, আবু রায়হান নিরব, নাসিম হাসান, আসিফ ইকবাল শুভ, এস এম তারেক সহ অনেকেই।